কোটচাঁদপুরে মোটরসাইকেলের ধাক্কায় ইজিবাইক চালক নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরে মোটরসাইকেলের ধাক্কায় জহিরুল ইসলাম (৬২) নামে এক ইজিবাইক চালক নিহত হয়েছে। শুক্রবার সকালে শহরের ব্রীজঘাট এলাকার বাইতুল মামুর মসজিদের কাছে এদূর্ঘটনা ঘটে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, শুক্রবার সকাল ৯ টার দিকে ইজিবাইক চালক জহিরুল হাসপাতালে রোগী নামিয়ে বাড়ি ফিরছিলেন। পথিমধ্যে ব্রীজ ঘাট এলাকায় বাইতুল মামুর মসজিদের পাশে গাড়ী রেখে রাস্থা পার হচ্ছিলেন।

এ সময় দ্রতগামী একটি ডায়াং ৫০ সিসির মোটরসাইকেল (ঝিনাইদহ এ-১১-০৬৭৮) জহিরুল কে সজোরে ধাক্কা দেয়। স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক ডাঃ কৃষ্ণ কমল পাল তাকে মৃত ঘোষণা করেন।

নিহত জহিরুল চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার আন্দুলবাড়ীয়া গ্রামের স্টেশন পাড়ার মৃত নূরুল হুদা সরকারের পুত্র।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, দূর্ঘটনার পর মটর সাইকেল ফেলে চালক পালিয়ে যায়। ঘটনাস্থল থেকে পুলিশ মোটরসাইকেলটি জব্দ করে থানা হেফাজতে নিয়েছে।

সম্পর্ক জোরদারে চীনকে প্রধানমন্ত্রীর বার্তা

আর্থসামাজিক উন্নয়ন এবং চলমান করোনাভাইরাস মহামারীতে অব্যাহত সাহায্য-সহায়তার জন্য বাংলাদেশের অন্যতম মূল্যবান অংশীদার হিসেবে চীনের প্রশংসা করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আশাবাদ ব্যক্ত করেন যে, উভয় দেশ

সহযোগিতার নতুন ক্ষেত্র সন্ধানের মাধ্যমে সম্পর্ককে আরো দৃঢ় করতে পারে। তিনি চীনা প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য ও সুখ এবং সে দেশের বন্ধুত্বপূর্ণ জনগণের শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করেন।

বার্তায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা চীন ও বাংলাদেশের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, মূল্যবোধ, জাতীয় স্বার্থ এবং পারস্পরিক সম্মানের বিষয়টিতে জোর দেন।

বৃহস্পতিবার চীনের দূতাবাস এ তথ্য জানায়।

চীনের দূতাবাসের পক্ষ থেকে জানানো হয়, সরকারপ্রধান গণচীনের ৭১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে দেশটির প্রেসিডেন্ট শি জিনপিংকে এক অভিনন্দন বার্তা পাঠিয়েছেন। এতে তিনি চীন সরকার ও জনগণকে আন্তরিক অভিনন্দন ও উষ্ণ শুভেচ্ছা জানান।

ঢাকার চীনা দূতাবাস জানায়, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৬ সালে প্রেসিডেন্ট শির বাংলাদেশ সফর এবং ২০১৯ সালে তার চীন সফরের স্মৃতিচারণা করেন।

চীন-বাংলাদেশ সম্পর্কের পুরো সম্ভাবনা কাজে লাগাতে আরো সহযোগিতার নতুন ক্ষেত্র অনুসন্ধানের কথা জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রেসিডেন্ট শির সুস্বাস্থ্য, দীর্ঘায়ু ও সুখের পাশাপাশি চীনের বন্ধুত্বপূর্ণ জনগণের শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করেন।

শেখ হাসিনা চীনের প্রধানমন্ত্রী লি কেকিয়াংকেও অভিনন্দন বার্তা পাঠিয়েছেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুই দেশের শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধির কথা উল্লেখ করে চীন ও বাংলাদেশের মধ্যকার ২০১৬ সালের সহযোগিতার কৌশলগত অংশীদারত্বের কথা তুলে ধরেন।

শেখ হাসিনা ২০১৯ সালে চীন সফরের কথা স্মরণ করে বলেন, উভয় দেশই বিভিন্ন বিষয়ে ঐকমত্যে পৌঁছেছিল। চলমান করোনাভাইরাস মহামারীতে বাংলাদেশের জন্য চীনের সহায়তার প্রশংসা করেন তিনি।

বাংলাদেশে পেঁয়াজ রফতানি করতে চায় ইরান

বাংলাদেশে পেঁয়াজসহ বিভিন্ন পণ্য রফতানি করতে চায় ইরান। বৃহস্পতিবার সচিবালয়ে কৃষিমন্ত্রী ড. আবদুর রাজ্জাকের সঙ্গে সাক্ষাৎ করে বাংলাদেশে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত মোহাম্মদ রেজা নফর এ আগ্রহের কথা জানান।

এ সময় কৃষি বিজ্ঞান ও প্রযুক্তি, বায়োটেকনোলজি, এগ্রো ফুড প্রসেসিং ও প্যাকেজিং, জলবায়ু অভিঘাত সহনশীল বিভিন্ন জাত উদ্ভাবন ও গবেষণা, বাণিজ্য নিয়ে দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক ও সহযোগিতার বিষয়ে আলোচনা হয়। কৃষি মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

কৃষিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর নেতৃত্বে বর্তমান সরকারের নানাবিধ উদ্যোগের ফলে কৃষিতে অভাবনীয় সাফল্য এসেছে। বাংলাদেশ দানাদার খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। এখন মূল লক্ষ্য হল কৃষিকে বাণিজ্যিকীকরণ ও আধুনিকীকরণ করা। সে জন্য কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতে বাংলাদেশ সরকার গুরুত্বারোপ করছে।

এ সময় কৃষিমন্ত্রী বাংলাদেশ থেকে ইরানে আম, আনারসসহ বিভিন্ন ফলমূল ও শাকসবজি রফতানি এবং ইরান থেকে গম ও পেঁয়াজ আমদানিতে আগ্রহের কথা জানান। কৃষিমন্ত্রী ইরানের রাষ্ট্রদূতকে বাংলাদেশে পেঁয়াজ রফতানির বিষয়ে গুরুত্ব দিয়ে বিবেচনা করতে অনুরোধ জানান।

এ সময় ইরানের রাষ্ট্রদূত বাংলাদেশ থেকে চা, পাট, আম, মসলাসহ বিভিন্ন ফুড আইটেম ও শাকসবজি নেয়া এবং বাংলাদেশে খেজুর, গম, পেঁয়াজ, কিসমিস প্রভৃতি রফতানির আগ্রহ ব্যক্ত করেন। ইরানের রাষ্ট্রদূত জানান, ইরানে তুলনামূলকভাবে পেঁয়াজের দাম অনেক কম। বাংলাদেশে পেঁয়াজ রফতানির বিষয়টি অত্যন্ত গুরুত্ব দিয়ে বিবেচনা করা হবে। কৃষিক্ষেত্রে বাংলাদেশের সাফল্যের প্রশংসা করে ইরানের রাষ্ট্রদূত বলেন, বাংলাদেশ সরকারের যুগোপযোগী ও বাস্তবমুখী পদক্ষেপের ফলে করোনা পরিস্থিতিতে বাংলাদেশ খাদ্য উৎপাদনের ধারা অব্যাহত রেখেছে। যা খুবই প্রশংসনীয়।

রেজা নফর আরও বলেন, বাংলাদেশ ও ইরানের কৃষিসহ অনেক বিষয়ে একসঙ্গে কাজ করার সুযোগ রয়েছে। এছাড়া দুই দেশের বেসরকারি খাতের ব্যবসায়ী ও উদ্যোক্তাদের পারস্পরিক সহযোগিতা ও বাণিজ্য খাত চিহ্নিত করে দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদারে উদ্যোগ নেয়া যেতে পারে।

বিয়ের দিন প্রবাসফেরত যুবকের রহস্যজনক মৃত্যু

শুক্রবার সকালে আবদুল কাদের (৩২) নামের ওই ব্যক্তির লাশ উদ্ধার করেছে পুলিশ।

এদিন দুপুরে তার বিয়ে করার কথা ছিল। তবে তার মৃত্যুর কারণ এখনও অজানা।

পরিবার জানিয়েছে, করোনার কারণে আবদুল কাদের ২৫ দিন আগে সৌদি আরব থেকে বাড়িতে চলে আসেন। শুক্রবার দুপুরে তার বিয়ের জন্য সব আয়োজনও সম্পন্ন হয়।

এদিন ভোরে মসজিদে ফজরের নামাজ পড়ে ঘরে এসে রাস্তায় হাঁটতে গিয়ে নিখোঁজ হন আবদুল কাদের। তিন ঘণ্টা পর উপজেলার কেরোয়া ইউপির খলিফা মসজিদসংলগ্ন জগার বাড়ির সুপারি বাগানের ভেতরে পরিত্যক্ত পুকুরে তার লাশ ভাসতে দেখা যায়।

আবদুল কাদের একই এলাকার জয়নাল আবেদিনের ছেলে। বিয়ের দিন হঠাৎ করে তার মৃত্যুতে পরিবারেশোকের ছায়া নেমে এসেছে।

নিহতের বাবা জয়নাল আবেদিন জানান, সৌদি আরব থেকে ফিরে বেকার সময় পার করছিল আবদুল কাদের। এতে সে হতাশাগ্রস্ত ও মানসিকভাবে বিকারগ্রস্ত হয়ে পড়ে। তার চিকিৎসাও করা হয়। সম্প্রতি তার ইচ্ছাতেই পারিবারিকভাবে বিয়ের সিদ্ধান্ত হয়। আজ তার বিয়ের দিন ছিল।

তিনি আরও জানান, শুক্রবার ভোরে ফজরের নামাজ পড়ে ঘরে আসে কাদের। দুই ঘণ্টা পর কাদের ঘর থেকে বের হওয়ার চেষ্টা করলে তিনি বাধা

দেন। কিন্তু অনেকটা জোর করেই বাইরে বের হয়ে যায় সে। তিন ঘণ্টা পর পুকুরে কাদেরের লাশ ভাসতে দেখে এলাকাবাসী পুলিশে খবর দেয়।

নিহতের লাশ উদ্ধার করে ময়নাতদন্ত করার জন্য সদর হাসপাতাল পাঠিয়েছে পুলিশ। এ ঘটনায় থানায় অপমৃতর মামলা হয়েছে।

রায়পুর থানার ওসি আবদুল জলিল যুগান্তরকে বলেন, যুবকের লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতাল পাঠানো হয়েছে। তার শরীরে কোনো আঘাতের চিহ্ন নেই। মৃত্যুটি রহস্যজনক মনে হচ্ছে। এ ঘটনায় থানায় ইউডি মামলা হয়েছে। রিপোর্ট আসলে পরে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

করোনাভাইরাসে দেশে আরও ৩৩ প্রাণহানি

দেশে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ৩৩ জনের মৃত্যু হয়েছে। এই সময়ে নতুন রোগী শনাক্ত হয়েছে ১ হাজার ৩৯৬ জন।

শুক্রবার বিকালে সংবাদমাধ্যমে বিজ্ঞপ্তি পাঠিয়ে স্বাস্থ্য অধিদফতরের পক্ষ থেকে দেশে করোনাভাইরাস পরিস্থিতির এই সবশেষ তথ্য জানানো হয়।

সেখানে বলা হয়, সকাল ৮টা পর্যন্ত শনাক্ত ১ হাজার ৩৯৬ জনকে নিয়ে দেশে করোনাভাইরাসে মোট আক্রান্তের সংখ্যা ৩ লাখ ৬৬ হাজার ৩৮৩ জন হল।

আর গত এক দিনে মারা যাওয়া ৩৩ জনকে নিয়ে দেশে করোনাভাইরাসে মোট মৃতের সংখ্যা ৫ হাজার ৩০৫ জনে দাঁড়াল।

স্বাস্থ্য অধিদফতরের হিসাবে, গত এক দিনে বাসা ও হাসপাতালে চিকিৎসাধীন আরও ১ হাজার ৫৪৯ জন রোগী সুস্থ হয়ে উঠেছেন। এ নিয়ে সুস্থ রোগীর মোট সংখ্যা বেড়ে ২ লাখ ৭৮ হাজার ৬২৭ জন হয়েছে।

স্বাস্থ্য অধিদফতর জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় সারা দেশে ১০৯টি ল্যাবে ১১ হাজার ১৭৬টি নমুনা পরীক্ষা করা হয়েছে। এ পর্যন্ত

পরীক্ষা হয়েছে ১৯ লাখ ৭০ হাজার ২৫১টি নমুনা।

২৪ ঘণ্টায় নমুনা পরীক্ষার বিবেচনায় শনাক্তের হার ১২ দশমিক ৪৯ শতাংশ, এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৮ দশমিক ৬০ শতাংশ। শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৭৬ দশমিক ০৫ শতাংশ এবং মৃত্যুর হার ১ দশমিক ৪৫ শতাংশ।

গত বছরের ডিসেম্বরে চীন থেকে উৎপত্তি হওয়া প্রাণঘাতী করোনাভাইরাস বাংলাদেশসহ বিশ্বের ২১৩টি দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে।

গত ১১ মার্চ করোনাভাইরাস সংকটকে মহামারী ঘোষণা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)।

বাংলাদেশে প্রথম কোভিড-১৯ রোগী শনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

জনস হপকিন্স বিশ্ববিদ্যালয়ের তালিকায় বিশ্বে শনাক্তের দিক থেকে পঞ্চদশ স্থানে আছে বাংলাদেশ, আর মৃতের সংখ্যায় রয়েছে ২৯তম অবস্থানে।

যুদ্ধ চালিয়ে যাওয়ার ঘোষণা, আজারবাইজানের পাশে তুরস্ক পাকিস্তান আফগানিস্তান

যুদ্ধ চালিয়ে যাওয়ার ঘোষণা, আজারবাইজানের পাশে তুরস্ক পাকিস্তান আফগানিস্তান

বিতর্কিত নাগোর্নো-কারাবাখ অঞ্চল নিয়ে আর্মেনিয়া এবং আজারবাইজানের মধ্যে যুদ্ধ চলছে। আর্মেনিয়ার উত্তর ও উত্তর-পূর্বাঞ্চলের দিকে বেড়েছে সংঘাতের তীব্রতা। এরই মধ্যে আজারবাইজানের পাশে দাঁড়িয়েছে তুরস্ক, পাকিস্তান ও আফগানিস্তান। তিন দেশই মনে করে আজারবাইজানের ভূখণ্ডে আর্মেনীয় দখলদারিত্ব বন্ধ

করতে হবে। খবর আল জাজিরার।

বুধবার দেওয়া ভাষণে আজারবাইজানের প্রেসিডেন্ট ইব্রাহিম আলিয়েভে বলেন, তুরস্ক, পাকিস্তান ও আফগানিস্তান আমাদের সমর্থন দিয়েছে। এজন্য তাদের ধন্যবাদ। তবে আমাদের সামরিক বাহিনীর বাইরের সাহায্যের প্রয়োজন নেই। এমন পরিস্থিাততে কোনো শর্ত ছাড়াই বিতর্কিত অঞ্চল না ছাড়া পর্যন্ত যুদ্ধ চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন আজারবাইজানের প্রেসিডেন্ট। আর আর্মেনিয়ার প্রধানমন্ত্রীও লড়াই করেই শান্তি ফেরানোর কথা বলেছেন।

নাগোরনো-কারাবাখকে আজারবাইজান নিজেদের বলে দাবি করে এলেও আর্মেনীয় নৃগোষ্ঠীর লোকজন অঞ্চলটি নিয়ন্ত্রণ করে আসছে, আর্মেনিয়া তাদের সমর্থন দিচ্ছে। এদিকে, চলমান সংঘাত নিরসনে আলোচনার জন্য রাশিয়াসহ আন্তর্জাতিক আহ্বান প্রত্যাখ্যান করেছে দুই দেশ। সাবেক সোভিয়েত ইউনিয়ন দেশগুলোর একটি সামরিক জোটের সদস্য রাশিয়া। যে জোটে আর্মেনিয়া রয়েছে এবং দেশটিতে একটি রুশ সামরিক ঘাঁটিও রয়েছে। অবশ্য আজারবাইজান ও আর্মেনিয়া, উভয় দেশের কাছেই অস্ত্র সরবরাহ করে মস্কো। তবে যুদ্ধবিরতির জন্য আন্তর্জাতিক চাপ অব্যাহত রয়েছে।
আর্মেনিয়ার প্রধানমন্ত্রী নিকোল পাশিন্যান বলেন, আমাদের মূল লক্ষ্য হলো পরিস্থিতির যাতে উন্নতি হয় সে ব্যবস্থা করা। পুনরায় শান্তি স্থিতিশীলতা ফেরাতে আমরা কাজ করে যাব। আজারবাইজানের প্রেসিডেন্ট ইলকহাম আলিয়েভ জানান, দীর্ঘদিন ধরে বিরোধপূর্ণ অঞ্চলটির সমস্যা সমাধানে আমরা সমঝোতার কথা বলে আসছি। তবে এটি অবশ্যই ১৯৯২ সালে গঠিত ইউরোপের নিরাপত্তা সংস্থার মাধ্যমে হতে হবে।

হাসপাতাল থেকে ছাড়া পেলেন ইউএনও ওয়াহিদা খানম

দীর্ঘ প্রায় এক মাস চিকিৎসা শেষে হাসপাতাল থেকে ছাড়া পেলেন দিনাজপুরের ঘোড়াঘাটের ইউএনও ওয়াহিদা খানম।

বৃহস্পতিবার দুপুরে তাকে ছাড়পত্র দেওয়া হয়।

আগামী ১ থেকে ২ সপ্তাহের মধ্যে তিনি সম্পূর্ণ সুস্থ হয়ে উঠবেন বলে আশাবাদ ব্যক্ত করেছেন চিকিৎসকরা।
প্রসঙ্গত, গত ২ সেপ্টেম্বর দিবাগত রাত আড়াইটার দিকে উপজেলা পরিষদ চত্বরে ইউএনওর সরকারি বাসভবনে ঢুকে হামলা করে দুর্বৃত্তরা। প্রথমে গেটে দারোয়ানকে বেঁধে ফেলে তারা। পরে বাসার পেছনে গিয়ে মই দিয়ে উঠে ভেন্টিলেটর ভেঙে বাসায় প্রবেশ করে হামলাকারীরা।

ভেতরে ঢুকে ভারী ও ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে ইউএনও ওয়াহিদাকে গুরুতর আহত করে তারা। এ সময় মেয়েকে বাঁচাতে এলে বাবা মুক্তিযোদ্ধা ওমর আলী শেখকে (৭০) জখম করে দুর্বৃত্তরা। পরে তারা অচেতন হয়ে পড়লে মৃত ভেবে হামলাকারীরা পালিয়ে যায়। ভোরে স্থানীয়রা টের পেয়ে তাদের উদ্ধার করেন।

ওয়াহিদাকে প্রথমে রংপুরে ও পরে রংপুর থেকে এয়ার অ্যাম্বুলেন্সে তাকে ঢাকায় আনা হয়। এতদিন তিনি ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন।

মামলায় সাক্ষী দিতে রাজি না হওয়ায় পিটিয়ে খুন

নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলায় মামলায় সাক্ষী দিতে রাজি না হওয়ায় এক ব্যক্তিকে তুলে নিয়ে পিটিয়ে খুন করেছে কিশোর গ্যাং।

বুধবার রাত ১০টার দিকে বেগমগঞ্জের ছয়ানীর আমিরপুর এলাকা থেকে তার মরদেহ উদ্ধার করা হয়েছে।

নিহত রাশেদ আহমেদের (৪৮) বাড়ি লক্ষ্মীপুর জেলার চন্দ্রগঞ্জ থানার পূর্ব সৈয়দপুর গ্রামে।

বেগমগঞ্জ থানার ওসি হারুন রশীদ চৌধুরী যুগান্তরকে জানান, রাশেদ স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের বিরুদ্ধে এলাকার রিয়াজ নামে এক সন্ত্রাসীর দায়ের করা মামলার সাক্ষী ছিলেন। কিন্তু তিনি

চেয়ারম্যানের বিরুদ্ধে সাক্ষী দিতে রাজি না হওয়ায় বাদী কিশোর গ্যাং লিডার রিয়াজ তাকে দেখে নেবে বলে হুমকি দেয়।

ইতিমধ্যে রিয়াজ একটি মামলায় কারাগারে চলে যায়। দুদিন আগে রিয়াজের এক সহযোগী কিশোর গ্যাংয়ের সেকেন্ড-ইন-কমান্ড শান্ত কারাগার থেকে বেরিয়ে এসে রাসেদ আহমেদকে দেখে নেবে বলে হুমকি দেয়।

এলাকাবাসী জানান, শান্ত কয়েকজন তরুণ কিশোর গ্যাংয়ের সদস্যকে নিয়ে বুধবার সন্ধ্যায় অস্ত্রের মুখে চন্দ্রগঞ্জ থানার কালারপুল এলাকা থেকে টেনেহিঁচড়ে রাশেদ আহমেদকে মারতে মারতে নোয়াখালীর সীমান্তবর্তী বেগমগঞ্জের ছয়ানীর আমিরপুর নিয়ে হত্যা করে। এর পর মরদেহ ধানক্ষেতের পানিতে ফেলে চলে যায়।

রাত ১০টায় খবর পেয়ে বেগমগঞ্জ থানা পুলিশ মরদেহ উদ্ধার করে। বৃহস্পতিবার ময়নাতদন্তের জন্য নিহতের মরদেহ নোয়াখালী জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়।

১০৫ জনের সবাই ‘করোনা নেগেটিভ’

আগের পরীক্ষায় পজিটিভ এসেছিল জাতীয় দলের পেসার আবু জায়েদ রাহীর। তবে এবার ফল সবারই নেগেটিভ এসেছে।

বুধবার ক্রিকেটার, কোচ, সাপোর্টিং স্টাফ এবং প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলের ৩২ স্টাফসহ ১০৫ জনের করোনা টেস্ট করানো হয়।

১০৫ জনের সবার রিপোর্টে ফল নেগেটিভ এসেছে বলে জানা গেছে।

বৃহস্পতিবার এই সুখবর জানিয়ে বিসিবির প্রধান চিকিৎসক দেবাশীষ চৌধুরী বলেন, ‘আপনাদের সুসংবাদ দিচ্ছি যে, আমরা বাংলাদেশ ক্রিকেটের ১০৫ জনের করোনা টেস্ট করিয়েছিলাম। সবার নমুনার ফল নেগেটিভ এসেছে। অর্থাৎ এখন জাতীয় দলের ক্রিকেটার, কোচ, সাপোর্টিং স্টাফ ও হোটেল স্টাফদের সবাই করোনামুক্ত। সবাই

নিশ্চিন্তে অনুশীলনে যোগ দিতে পারবে।’

যুব ক্রিকেটারদের ব্যাপারেও সুখবর রয়েছে বলে জানান এই বিসিবিপ্রধান চিকিৎসক।

তিনি বলেন, জাতীয় দলের সঙ্গে বিকেএসপিতে আবাসিক ক্যাম্পের আগে যুবদলের (অনূর্ধ্ব-১৯) ক্রিকেটার, কোচিং স্টাফ এবং সাপোর্টিং স্টাফের করোনা পরীক্ষা করানো হয়েছিল। তাদের বেলায়ও নেগেটিভ ফল এসেছে। অনুশীলন ক্যাম্পের কার্যক্রম শুরু করতে এখন আর কোনো বাধা রইল না।

এমন দুই সুখবরের পর আজ দুপুর আড়াইটা থেকে শুরু হচ্ছে বাংলাদেশ জাতীয় দলের অনুশীলন। আগামী ১৫ অক্টোবর পর্যন্ত চলবে এই অনুশীলন পর্ব।

করোনার সংক্রমণ বাড়ায় স্পেনে ফের লকডাউন

স্পেনে আবারও করোনার সংক্রমণ ভয়াবহ আকার ধারণ করায় দেশটির রাজধানীতে কড়া লকডাউন আরোপের ঘোষণা দিয়েছে ইউরোপের এ দেশটির সরকার।

মাদ্রিদে বৃহস্পতিবার থেকে নতুন করে জারি করা লকডাউনে বিনা প্রয়োজনে কোনো বাসিন্দা ঘর থেকে বের হতে পারবে না। খবর বিবিসির।

তবে মাদ্রিদের আঞ্চলিক গভর্নর কেন্দ্রীয় সরকারের এ লকডাউনের প্রতি দ্বিমত পোষণ করেছেন।

গত দুই সপ্তাহে মাদ্রিদে নতুন করে ১ লাখ ৩৩ হাজার ৬০৪ জন করোনা রোগী শনাক্ত হওয়ার পর স্পেন নতুন করে লকডাউনের ওই সিদ্ধান্ত নেয়।

দেশটির বেশিরভাগ অঞ্চলের গভর্নররা বুধবার করোনা নিয়ে জরুরি সভায়

লকডাউনের পক্ষে মতামত দেন।

বিনাপ্রয়োজনে কেউ মাদ্রিদে প্রবেশ করতে পারবেন না; এখান থেকে কেউ বেরও হতে পারবেন না। তবে জরুরি প্রয়োজনে, আজার করতে এবং ডাক্তার দেখাতে বাইরে যেতে পারবেন।

খেলার মাঠ ও পার্ক বন্ধ থাকবে, বাড়িতে কোনো অনুষ্ঠান করলে ছয়জনের বেশি এতে অংশগ্রহণ করতে পারবে না।